তারিখ ... 06 APR 2015 ...
পৃষ্ঠা ...৩... কলাম ... ৪ ......

# জাবিতে ভবনে স্থান বরাদ্দ নিয়ে শিক্ষার্থীদের পাল্টাপাল্টি অবস্থান

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা পাল্টাপাল্টি অবস্থান কর্মসূচি পালন করেছেন। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক স্বাক্ষরিত এক অফিস আদেশের মাধ্যমে ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-এর ভবনের তৃতীয় তলার পুরোটা পরিবেশ বিজ্ঞান বিভাগকে বরাদ্দ দেয়া হয়।

সকাল থেকে বরাদ্দকৃত ওই ভবনের তৃতীয় তলায় ওঠার জন্য অবস্থান করতে থাকেন পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। ভবনের সামনে অবস্থানরত পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক অধ্যাপক খবির উদ্দীন সাংবাদিকদের জানান, এ ভবনের তৃতীয় তলা পরিবেশ বিজ্ঞান বিভাগের নামে অনেক আগেই বরাদ্দ করা হয়েছিল। সিন্ডিকেট সভাতেও এ ভবনে পরিবেশ বিজ্ঞানকে বরাদ্দ দেয়া হয়। কিন্তু পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের উঠতে বাধা দিয়ে ভবনের দুটি ফটকেই অবস্থান নেয় কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা। তাদের দাবি, এই ভবনে তাদেরই শ্রেণি কক্ষ ও ল্যাবের সংকট রয়েছে। সেখানে নতুন করে পরিবেশ বিজ্ঞানকে বরাদ্দ দেয়া হলে সংকট আরো বাড়বে।

এ ব্যাপারে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হানিফ আলী বলেন,প্রশাসনের সাথে এ ব্যাপারে আলোচনা চলছে। পরিবেশ বিজ্ঞান বিভাগ বর্তমানে পুরাতন কলাভবন সংলগ্ন ভবনে কার্যক্রম পরিচালনা করে আসছিল। যেখানে তাদের ক্লাস করার জন্য মাত্র দুটি কক্ষ রয়েছে।